গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং-৯০৯- বিচার-৩/১ডি-০৬/২০১৪,

তারিখঃ ০৮ অগ্রহায়ণ, ১৪২৩ বঙ্গাব্দ।
২২ নভেম্বর, ২০১৬ খ্রিঃ।

## প্রজ্ঞাপন

যেহেতু, ঢাকার অর্থঋণ আদালত নং-১ এর সাবেক বিচারক (যুগ্ম-জেলা ও দায়রা জজ) বর্তমানে চট্টগ্রামের অতিরিক্ত জেলা ও দায়রা জজ জনাব মোঃ রবিউজ্জামান এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) মোতাবেক যথাক্রমে-অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে অভিযুক্ত করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০৬/২০১৪ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, জনাব মোঃ রবিউজ্জামান এর বিরুদ্ধে রুজুকৃত ০৬/২০১৪ নং বিভাগীয় মামলায় তদন্তকারী কর্মকর্তার তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) মোতাবেক যথাক্রমে-অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রমানিত না হওয়ায় সরকার তাঁকে উক্ত বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ কামনা করলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট সরকারের সিদ্ধান্তে একমত পোষন করেন।

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ঢাকার অর্থঋণ আদালত নং-১ এর সাবেক বিচারক (যুগ্ম-জেলা ও দায়রা জজ) বর্তমানে চট্টগ্রামের অতিরিক্ত জেলা ও দায়রা জজ জনাব মোঃ রবিউজ্জামান-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ০৬/২০১৪ নং বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ-
(আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক)
সচিব

নং-৯০৯/১(৯)- বিচার-৩/১ডি-০৬/২০১৪,

তারিখঃ ০৮ অগ্রহায়ণ, ১৪২৩ বঙ্গাব্দ।
২২ নভেম্বর, ২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ, ঢাকা/চট্টগ্রাম।
৩। জনাব মোঃ রবিউজ্জামান, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, চট্টগ্রাম।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-১/২/৪/৫/৮, আইন ও বিচার বিভাগ,আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৬। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(উপরের প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশ করতে অনুরোধ করা হলো)।
৯। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

২২/১১/২০১৬
(মোঃ নুরুল আলম সিদ্দীক)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১